SOUTHERN UNIVERSITY BANGLADESH
Committed to Academic Excellence
Approved by Government

স্মারক নং: এসইউবি/রেজিঃ/প্রশাঃ০১/০১/২০২৪/ ৩৪২ তারিখ: ১৩.০৯.২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: ফল-২০২৪ সেমিস্টার এর টিউশন ফি ২০% মওকুফ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত জুলাই-আগস্ট ২০২৪ এ সংগঠিত ছাত্র জনতার আন্দোলন এবং তৎপরবর্তী সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগের কারণে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম দীর্ঘদিন বন্ধ ছিল। যার ফলে বিশ্ববিদ্যালয় এবং অধ্যায়নরত শিক্ষার্থীদের অনেকেই আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে । সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ বরাবরই একটি শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান শুরু থেকেই নিয়মিত ভাবে বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীদেরকে আর্থিক সহযোগিতা প্রদান করে চলেছে।

উপরোক্ত প্রেক্ষাপটের আলোকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের লেখা পড়ার বৃহৎ স্বার্থ ও আর্থিক অবস্থা বিবেচনা পূর্বক সাশ্রয়ী টিউশন ফি চলমান থাকার পরও 'ফল-২০২৪ সেমিস্টার' এর টিউশন ফি তে ২০% ছাড় (স্নাতক শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের জন্য) দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উপরন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যেই বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের পাশে থেকে তাদের খবরাখবর নেওয়াসহ বিশ্ববিদ্যালয় তহবিল থেকে প্রয়োজনীয় আর্থিক সহযোগিতা প্রদান করেছে।

শিক্ষার গুণগতমান বজায় রেখে শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান বিনির্মাণে সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ বদ্ধপরিকর।

১৩.০৯.২৪

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ

অনুলিপি সদয় অবগতি ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রচারের অনুরোধ সহকারে প্রেরিত হলো:

১। কোষাধ্যক্ষ, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
২। সকল অনুষদের ডিন, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
৩। পরীক্ষা নিয়ন্ত্রক/গ্রন্থাগারিক সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
৪। সকল বিভাগীয় প্রধান, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ (সকল শিক্ষক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে প্রচারের অনুরোধ সহ প্রেরিত হলো)
৫। পরিচালক, (IQAC/ P&D/ স্টুডেন্টস এন্ড এলামনাই অ্যাফেয়াস /অর্থ ও হিসাব দপ্তর,) সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
৬। সকল দপ্তর প্রধান (প্রশাসন), সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
৭। উপাচার্য মহোদয়ের সচিব, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ, উপাচার্য (চলতি দায়িত্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য
৮। অফিস কপি, বোর্ড অব ট্রাস্টিজ এর কার্যালয়, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ
৯। অফিস কপি, রেজিস্ট্রার অফিস, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ

Permanent Campus Address:
New/471, University Road, Arefin Nagar, Baizid Bostami, Chattogram-4210,
Bangladesh. Tel: 880 241380101-15, Cell: (+88) 01911-882764,(+88) 01711-395977
E-mail: info@southern.ac.bd, registrar@southern.ac.bd, Web: www.southern.ac.bd